ইনকিলাব

তারিখ 23 JAN 2006
পৃষ্ঠা ০৮ কলাম 2




*কুষ্টিয়া : জাতীয় শিক্ষক দিবস উপলক্ষে গত ১৯ জানুয়ারী আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন জেলা প্রশাসক জামাল এ. নাসের চৌধুরী —ইনকিলাব*

# কুষ্টিয়ায় শিক্ষক দিবস পালিত

কুষ্টিয়া জেলা সংবাদদাতা

জাতীয় শিক্ষক দিবস ২০০৬ উপলক্ষে গত ১৯ জানুয়ারী কুষ্টিয়া জেলা প্রশাসনের উদ্যোগে বেলা ১২টায় কুষ্টিয়া হাইস্কুল হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এমএ আহাদ। সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক জামাল এ. নাসের চৌধুরী। তিনি বলেন, "শিক্ষকগণ হচ্ছেন মানুষ গড়ার কারিগর। দেশ, সমাজ ও জাতি গঠনে তাদের অবদান অতুলনীয়। বর্তমান সরকার তাদের সার্বিক কল্যাণে নানামুখী কর্মসূচী গ্রহণ করেছে। ২০০৩ থেকে ১৯ জানুয়ারী জাতীয় শিক্ষক দিবস পালিত হয়ে আসছে। এই দিবসের মূল উদ্দেশ্য হচ্ছে শিক্ষক সমাজের যথাযথ মর্যাদা ও সম্মান নিশ্চিত করা।" স্বাগত ভাষণ দেন জেলা শিক্ষা অফিসার মোঃ মকছেদুল ইসলাম। আলোচনায় অংশ নেন জেলা পরিষদ সচিব মোঃ আবদুল হালিম মোল্লা, দিনমনি স্কুলের রেক্টর কাজী আবদুর রাজ্জাক, ইসলামিয়া কলেজের অধ্যাপক মোঃ ফরহাদ হোসাইন, অধ্যাপক মোঃ সিরাজুল হক, পুলিশ লাইন কলেজের অধ্যক্ষ এমএ বারী। সভা পরিচালনা করেন কুষ্টিয়া হাই স্কুলের ক্রীড়া শিক্ষক মোঃ শফিকুল আলম রাজু।